

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৪-২০২৫ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২। অনুমোদিত দরের কপি।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Supply of Car/Microbus Including Fuel, Driver, Routine Service for SWTP (M) On Hire & Rental Basis.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ সুপেয় পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার দ্বিতীয় শ্রেণী কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগারের রক্ষণাবেক্ষন বিভাগের অধীনে ৪৬ কিলোমিটার পানির লাইন, প্রায় ৪.৬ কিলোমিটার ডিএনডি খাল, প্রায় ২.০ কিলোমিটার টুইন বক্সকালভার্ট রয়েছে। ৪৬ কিলোমিটার মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা ওয়াসার মজ্জা জোন সমূহে নিরবিচ্ছিন্ন ভাবে পানি সরবরাহ করা হয়। এই ৪৬ কিলোমিটার মেইন ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভালভ (e-PRV, GV, BV, ARV & WO) রয়েছে। সম্প্রতিক সময়ে পদ্মা (যশলদিয়া) প্ল্যান্টের ট্রান্সমিশন লাইনের সাথে সায়েদাবাদ পানি শোধনাগারের ট্রান্সমিশন নেটওয়ার্কের আন্তঃসংযোগ করে মজ্জা জোন সমূহে নিরবিচ্ছিন্ন ভাবে পানি সরবরাহ হচ্ছে এবং মজ্জা জোন সমূহে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ভালভ গুলি মেরামত ও রক্ষণাবেক্ষন করতে হয়। মজ্জা জোন সমূহে নিরবিচ্ছিন্ন ভাবে পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে এবং মজ্জা জোন সমূহে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ভালভ গুলি মেরামত ও রক্ষণাবেক্ষন করতে ও ৪.৬ কিলোমিটার ডিএনডি খাল, ২.০ কিলোমিটার টুইন বক্সকালভার্ট, সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশন রক্ষণাবেক্ষন ও অন্যান্য জরুরী কার্যক্রম পরিচালনা করতে সাপাশো (রক্ষণাবেক্ষন) এর নির্বাহী প্রকৌশলীর অনুকূলে দৈনন্দিন বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য ১২ মাস (মে/২০২৫ ইং হতে এপ্রিল/২০২৬ ইং) একটি গাড়ী ভাড়া করা প্রয়োজন।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে সর্বশেষ অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৭৮,০৪৮/- (নয় লক্ষ আটাত্তর হাজার আটচল্লিশ) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষন) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের Staff Bus/Rent-a-Car (কোড নং-০১-০২-০০৮) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৬৫ এবং প্যাকেজ নং-G-39 এ অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-3 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিল কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষন) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


০৪। এমতাবস্থায়, বর্ণিত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত তথ্যের আলোকে Supply of Car/Microbus Including Fuel, Driver, Routine Service for SWTP (M) On Hire & Rental Basis. কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্ন বর্ণিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।


(ক). উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৬১ (১) এর অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


(খ). উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৭৮,০৪৮/- (নয় লক্ষ আটাত্তর হাজার আটচল্লিশ) টাকা মাত্র এর অনুমোদন।

(গ). আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় Staff Bus/Rent-a-Car (কোড নং-০১-০২-০০৮) খাত হতে নির্বাহের অনুমোদন।


উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষন)
ঢাকা ওয়াসা



মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষন)
ঢাকা ওয়াসা


মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষন)
ঢাকা ওয়াসা

০৫। অনুমোদিত


০৬।


০৭।
২৭.০৫.২৫
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
প্লাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


XEN (Maintenance)